আয়নাবাজি’ বিশ্বের সর্বোচ্চ রেটের চলচ্চিত্রের তালিকায় দ্বিতীয়

১৩০ দেশের চলচ্চিত্র বিশ্লেষণ ও আইএমডিবি’র রেটিং স্কোর ব্যবহার করে দেশভিত্তিক বিশ্বের সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত চলচ্চিত্রের তালিকা প্রকাশ করেছেন ট্রান্সক্রিপশন সাইট ‘অ্যাম্বার স্ক্রিপ্ট ডট কম’। এই তালিকায় রেটিং পয়েন্ট ৯.১ পেয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশের সাড়া জাগানো চলচ্চিত্র ‘আয়নাবাজি।’

সম্প্রতি এই রেটিং পয়েন্ট প্রকাশ করে ‘অ্যাম্বার স্ক্রিপ্ট ডট কম’। হলিউড এবং বলিউডের চলচ্চিত্রের সঙ্গে পাল্লা দিয়ে বাংলাদেশের ‘আয়নাবাজি’র এই অর্জন একটি বড় সাফল্য।

‘আয়নাবাজি’র সঙ্গে যৌথভাবে দ্বিতীয় অবস্থানে থাকা অন্য চলচ্চিত্রটি কসোভোর ‘জানা’ (২০১৯)। যার রেটিং পয়েন্টও ৯.১।

তালিকার শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্রের ‘দ্য শশাঙ্ক রিডেম্পশন’। ১৯৯৪ সালে মুক্তি পাওয়া এই চলচ্চিত্র ১০ পয়েন্টের মধ্যে পেয়েছে ৯.২। রেটিং পয়েন্ট ৯ পেয়ে যৌথভাবে তৃতীয় স্থানে রয়েছে যুক্তরাজ্যের ‘দ্য ডার্ক নাইট’ (২০০৮) ও শ্রীলংকার ‘আলোকো উদাপাদি’ (২০১৭)।

২০১৬ সালের ৩০ সেপ্টেম্বর মুক্তি পায় ‘আয়নাবাজি’। আর এর মাধ্যমেই অমিতাভ রেজা চৌধুরী পরিচালক এবং জিয়াউদ্দিন আদিলের প্রযোজক হিসেবে অভিষেক হয়। চলচ্চিত্রটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন চঞ্চল চৌধুরী। গুরুত্বপূর্ণ চরিত্রে ছিলেন অভিনেত্রী নাবিলা ও সংগীতশিল্পী-অভিনেতা পার্থ বড়ুয়া।

ছবিটির চিত্রনাট্য লিখেছেন অনম বিশ্বাস ও গাউসুল আলম শাওন। এতে আরও অভিনয় করেছেন লুৎফর রহমান জর্জ, হীরা চৌধুরী, শওকত ওসমান, বৃন্দাবন দাস, গাউসুল আলম, ইফফাত তৃষা প্রমুখ। বিভিন্ন দেশের চলচ্চিত্র উৎসবে প্রদর্শনীর পাশাপাশি সাত ক্যাটাগরিতে ‘জাতীয় চলচ্চিত্র পুরস্কার’ লাভ করে ‘আয়নাবাজি’।

গত ৩০ সেপ্টেম্বর ‘আয়নাবাজি’র ৪ বছর পূর্তি উদযাপন করেছেন

চলচ্চিত্রটির সংশ্লিষ্টরা।

সূত্র- বিডি-প্রতিদিন